



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।



প্রেস বিজ্ঞপ্তি

মোবাইল ফোন আমদানি ও ভেন্টর লাইসেন্স তালিকাভুক্তিকরণ সহযোগিতার বিষয়ে বিটিআরসি ও
মোবাইল বিজনেস কমিউনিটি বাংলাদেশের প্রতিনিধিদের সঙ্গে সভা অনুষ্ঠিত

ঢাকা, ০৯ ডিসেম্বর ২০২৫।

মোবাইল ফোন আমদানি ও ভেন্টর লাইসেন্স তালিকাভুক্তিকরণ সহযোগিতার বিষয়ে বিটিআরসি ও মোবাইল বিজনেস কমিউনিটি বাংলাদেশের প্রতিনিধিদের সাথে আজ সকাল ১১:৩০ টায় বিটিআরসি ভবনে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় মোবাইল হ্যান্ডসেট আমদানি এবং ভেন্টর এনলিষ্টমেন্ট সনদ প্রদানের বিদ্যমান প্রক্রিয়া কিভাবে সহজীকরণ করা যায় সে বিষয়ে বিশদ আলোচনা হয়। নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ন্যূনতম কাগজপত্র দাখিলের মাধ্যমে স্বল্প সময়ের মধ্যে ভেন্টর এনলিষ্টমেন্ট সনদ প্রদান এবং বিদেশ থেকে ক্রোন/কপি/ব্যবহৃত (used)/রিফারবিসড মোবাইল হ্যান্ডসেট বাংলাদেশের অভ্যন্তরে অনুপ্রবেশ রোধকল্পে শুধু মোবাইল ফোনের মূল উৎপাদনকারী সংস্থার পাশাপাশি যেকোনো অনুমোদিত সরবরাহকারীর (Authorized Distributor) প্রত্যাশনপত্রসহ (চুক্তির পরিবর্তে) আবেদন করা হলে বিটিআরসি হতে সহজেই তাদের অনুকূলে আমদানির অনুমোদন প্রদান করা হবে।

একই সাথে, ক্রোন/কপি/ব্যবহৃত (used)/রিফারবিসড মোবাইল হ্যান্ডসেট বাংলাদেশের অভ্যন্তরে অনুপ্রবেশ রোধের বিষয়টি নিশ্চিত করে আমদানি প্রক্রিয়া কিভাবে আরো সহজ করা যায় সে বিষয়ে সুস্পষ্ট লিখিত প্রস্তাব প্রদানের জন্য বিটিআরসি'র পক্ষ হতে 'মোবাইল বিজনেস কমিউনিটি বাংলাদেশ' এর প্রতিনিধিগণকে আহ্বান জানানো হয়।

'মোবাইল বিজনেস কমিউনিটি বাংলাদেশ' এর চাহিদার প্রেক্ষিতে আগামী ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত বাংলাদেশের বাজারে বিদ্যমান, অবিক্রিত সকল মোবাইল হ্যান্ডসেট নিয়মিতকরণের উদ্দেশ্যে এ সংশ্লিষ্ট তথ্য নির্ধারিত ছকে জমা প্রদান করলে বিটিআরসি হতে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।


সর্বোপরি, "বেতার যন্ত্রপাতি ব্যবহার, বাজারজাতকরণ ও তালিকা গ্রহণের নির্দেশিকা, ২০২৪" অনুযায়ী বৈধভাবে মোবাইল ফোন আমদানি করা হলে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে বিটিআরসি হতে সর্বাঙ্গিক সহযোগিতা করা হবে মর্মে আশ্বস্ত করা হয়।

- ১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।
দৃষ্টি আকর্ষণ: উপ-মহাপরিচালক (বার্তা)
- ২। প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্রসমূহ; ঢাকা।
- ৩। হেড অব নিউজ/চিফ রিপোর্টার/ অ্যাসাইনমেন্ট এডিটর;
বার্তাসংস্থা/টেলিভিশন চ্যানেল/ রেডিও স্টেশন, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। মহাপরিচালক (স্পেকট্রাম বিভাগ), বিটিআরসি।
- ২। সচিব, বিটিআরসি।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৪। অফিস কপি।

অনুরোধক্রমে



মো: জাকির হোসেন খান

উপ-পরিচালক (মিডিয়া)

মোবাইল: ০১৫৫২২০২৮৪০

zakirkhan@btrc.gov.bd